

প্রবীণ নাগরিকদের আয়, করছাড় বৃদ্ধির সওয়াল

নিজস্ব সংবাদদাতা

প্রবীণদের আয় বৃদ্ধি ও করছাড়ের সুবিধার জন্য আরও পদক্ষেপ জরুরি বলে মনে করেন স্টেট ব্যাঙ্কের গবেষণা শাখার মুখ্য অর্থনীতিবিদ সৌম্যবাবু মোঘা। তাঁর বক্তব্য, তাঁদের বড় অংশেরই একমাত্র আয়ের উৎস সংরক্ষণ থেকে পাওয়া সুদ। কার্যত কোনও সামাজিক সুরক্ষা প্রকল্পও নেই। তাই আগামী দিনে প্রবীণদের আয় বৃদ্ধির পথ করা ও করছাড়ের সুবিধা বাড়াতে কেন্দ্র পদক্ষেপ করবে বলে আশা তাঁর।

এই বাজেটে কেন্দ্র নতুন আয়কর ব্যবস্থায় জোর দিয়েছে। কিন্তু এটি মানুষকে সংরক্ষণে নিরুৎসাহী করবে বলে জল্পনা চলছে। সোমবার বাজেট ও দেশের আর্থিক অবস্থা নিয়ে ক্যালকাটা চেম্বার আয়োজিত সভায় প্রবীণদের সংরক্ষণের গুরুত্ব উল্লেখ করে সৌম্যবাবু বলেন, “তাঁদের সংরক্ষণ প্রকল্পে সর্বোচ্চ জমা ১৫ লক্ষ থেকে ৩০ লক্ষ টাকা

করা হয়েছে। আরও পদক্ষেপ আগামী বাজেটেও দেখা যাবে বলে আশা।”

এ দিকে, আমদানি নির্ভরতাকমিয়ে দেশে পণ্য তৈরি বাড়াতে উৎপাদন তিস্তিক উৎসাহ প্রকল্প (পিএলআই) এনেছে কেন্দ্র। সৌম্যবাবু জানান, তার পরে চিন থেকে আমদানি কমছে। সেখান থেকে আসা ৫৫টি পণ্যের মধ্যে ৩৮টি যে সব শিল্পে তৈরি হয়, সেগুলি প্রকল্পের আওতায় রয়েছে।

সভায় আইআইএম-কলকাতার অধ্যাপক অদिति তুতুরিয়ার দাবি, কেন্দ্রের গতিশক্তি প্রকল্প যোগাযোগ ব্যবস্থা উন্নত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। একই মতের শরিক সৌম্যবাবুও। জানান, বর্তমানে গুদাম-সহ পণ্য পরিবহণ খাতে সংস্থাগুলির খরচ জিডিপি-র প্রায় ১২%। প্রকল্পের লক্ষ্য, তা ৫-৬ শতাংশে নামানো। সেই সঙ্গে তিনি বলেন, চলতি অর্থবর্ষের প্রথম ন’মাসে ব্যাঙ্কগুলির ঋণের চাহিদা হয়েছে এক দশকে সর্বাধিক।